# রাজ্যের বিপুল ব্যয় কৌঁসুলি খাতে, দাবি জহরের

নিজস্ব সংবাদদাতা

নয়াদিল্লি, ২১ ফেব্রুয়ারি: গত এক বছরে রাজ্য সরকার আদালতে বিভিন্ন মামলা লড়ার জন্য আইনজীবীদের কাঁড়ি কাঁড়ি টাকা দিয়েছে বলে অভিযোগ করলেন তৃণমূলের রাজ্যসভার প্রাক্তন সাংসদ জহর সরকার। জহর জানান, ২০২৫ সালের ২৮ অক্টোবর তথ্যের অধিকার আন্দোলনের কর্মী অমিতাভ চৌধুরীর করা আবেদনের ভিত্তিতে ২০২৪-২৫ অর্থবর্ষের তথ্য জানিয়েছে পশ্চিমবঙ্গ সরকারের আইন দফতর। তারই ভিত্তিতে এই দাবি করেছেন তিনি। তথ্যে দেখা যাচ্ছে কপিল সিব্বলকে গত এক বছরে ৩ কোটি ১৬ লক্ষ টাকা, অভিষেক মনু সিঙ্ঘভিকে ৪ কোটি ৬২ লক্ষ ৫০ হাজার টাকা দেওয়া হয়েছে। দেখা যাচ্ছে গত ৬ বছরে মোট ৫১ জন আইনজীবীর ফি বাবদ ৮৭ কোটি ৭৭ লক্ষ ১৭ হাজার ৪৪৯ টাকা খরচ করেছে তৃণমূল সরকার।

জহরের প্রশ্ন, ‘‘এত টাকা আইনজীবীদের উপরে খরচ না করে, যে সব বিষয় নিয়ে যুদ্ধং দেহি মনোভাব দেখাচ্ছেন রাজ্য সরকারের নেতৃত্ব সেগুলিকে কি একটু মমতার সঙ্গে দেখা যায় না? ঘুষ না দিয়ে যে শিক্ষকেরা চাকরি পেয়েছেন, তাঁদের এত ভোগান্তি কেন? আরজি কর-এ নির্যাতিতার মামলায় কি সত্যিই বিচার অসম্ভব? হাসপাতালে যারা চুরি করে দাপটে রাজত্ব চালাচ্ছিল তাদের কি কোনও শাস্তি হবে না?’’ জহর এই প্রসঙ্গে গত বছরের হিসাব দেখিয়েও প্রশ্ন তুলেছিলেন। তৃণমূলের বক্তব্য, কেন্দ্র গত কয়েক বছরে রাজ্যের উপরে এত চাপ তৈরি করেছে, তদন্তকারী সংস্থাকে দিয়ে জেরবার করেছে, তাই বড় মাপের আইনজীবী নিয়োগ করা প্রয়োজনই ছিল। তাঁদের যা ন্যায্য পারিশ্রমিক সেটাই দেওয়া হয়েছে। এর মধ্যে কোনও অসঙ্গতি নেই।